



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রদান, ক্রয় এবং একত্রিকরণ শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd



তাগিদপত্র

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.২০.০০১.০২.১৬৯৭

তারিখ: ৮ অগ্রহাষণ ১৪২৮

২৩ নভেম্বর ২০২১

বিষয়: প্রাতিষ্ঠানিক খাতে অর্থ বরাদ্দের চাহিদা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, ১৪৮-খাদ্য মন্ত্রণালয়ের অধীন সাধারণ কার্যক্রমের অন্তর্ভুক্ত প্রাতিষ্ঠানিক ব্যয়ের বিভিন্ন খাতে অর্থ বরাদ্দের চাহিদাপত্র প্রদানের সুনির্দিষ্ট নির্দেশনা থাকা সত্ত্বেও কোন কোন দপ্তর কর্তৃক অত্র বিভাগ হতে সরবরাহকৃত ছক ও নির্দেশনা অনুসরণ করা হচ্ছে না। আবার কোন কোন দপ্তর হতে ছক মোতাবেক চাহিদাপত্র প্রেরণ করা হলেও ছক যথাযথভাবে পূরণ করা হচ্ছে না এবং বিস্তারিত যৌক্তিকতা ছাড়া প্রয়োজনের অতিরিক্ত অর্থের চাহিদা প্রেরণ করা হচ্ছে। ফলে চাহিদার সঠিকতা নির্ধারণ এবং অর্থ বরাদ্দের ক্ষেত্রে জটিলতার সৃষ্টি হচ্ছে। কাজেই পরবর্তীতে নিম্নোক্ত 'ছক' অনুযায়ী প্রতিটি খাতের বিপরীতে বিস্তারিত যৌক্তিকতাসহ চাহিদাপত্র প্রেরণের জন্য পুনরায় বলা হলো। অন্যথায় কোন অর্থ বরাদ্দ প্রদানের চাহিদা বিবেচনা করা সম্ভব হবে না।

(চাহিদাপত্র প্রেরণের 'ছক')

অর্থনৈতিক কোড নং	খাতের নাম	পূর্ববর্তী অর্থ বৎসর (২০২০-২০২১)			চলতি অর্থ বৎসর (২০২১-২০২২)				যৌক্তিকতা
		প্রাপ্ত বরাদ্দ	প্রকৃত ব্যয়	বকেয়ার পরিমাণ (যদি থাকে)	এ পর্যন্ত প্রাপ্ত বরাদ্দ	এ পর্যন্ত প্রকৃত ব্যয়	বর্তমানে অবশিষ্ট	চাহিদার পরিমাণ (বকেয়াসহ)	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

নিম্নোক্ত খাত সমূহে চাহিদার ক্ষেত্রে যৌক্তিকতার কলামে পার্শ্বে বর্ণিত তথ্যাদি অবশ্যই উল্লেখ করতে হবেঃ

(১)	শ্রান্তি ও বিনোদন ভাতার ক্ষেত্রে	-	প্রাপ্য কর্মকর্তা/কর্মচারীদের মূল বেতন উল্লেখপূর্বক নামের তালিকা (প্রয়োজনে পৃথক তালিকা সংযুক্ত করা যাবে)
(২)	পৌরকার/ভূমি করের ক্ষেত্রে	-	বাৎসরিক করের পরিমাণ (প্রয়োজনে এসেসমেন্টের কপি ও গৃহিত ব্যবস্থার প্রমাণক সংযুক্ত করতে হবে)। পূর্ববর্তী বছরের তুলনায় পৌরকার/ইউ.পি ট্যাক্স ও ভূমিকর বৃদ্ধি পেলে তার কারণ ও গৃহিত ব্যবস্থা সম্পর্কে উল্লেখ করতে হবে।
(৩)	টেলিফোন/বিদ্যুৎ/পানির ক্ষেত্রে	-	মাসিক আনুমানিক বিলের পরিমাণ।
(৪)	পেট্রোল ও লুব্রিকেন্টস এর ক্ষেত্রে	-	যানবাহনে ব্যবহৃত জ্বালানী ধরণ (পেট্রোল/অকটেন/ডি জেল ইত্যাদি) ও মাসিক আনুমানিক বিলের পরিমাণ।
(৫)	অফিস ভাড়ার ক্ষেত্রে	-	মাসিক ভাড়ার হার।
(৬)	পূর্ববর্তী বছরের বকেয়ার ক্ষেত্রে	-	বকেয়ার স্বপক্ষে উপযুক্ত যৌক্তিকতা ও প্রমাণক উপস্থাপন করতে হবে।
(৭)	পোশাক	-	সংযুক্ত ছক অনুযায়ী প্রয়োজনীয় তথ্যসহ।
(৮)	আসবাবপত্র (ক্রয় ও মেরামত)	-	সংযুক্ত ছক অনুযায়ী প্রয়োজনীয় তথ্যসহ।
(৯)	আবাসিক ভবন (মেরামত)	-	সংশ্লিষ্ট আরএমও এর প্রত্যয়নসহ প্রাক্কলন।
(১০)	অনাবাসিক ভবন (মেরামত)	-	সংশ্লিষ্ট আরএমও এর প্রত্যয়নসহ প্রাক্কলন।
(১১)	অন্যান্য ভবন ও স্থাপনা	-	সংশ্লিষ্ট আরএমও এর প্রত্যয়নসহ প্রাক্কলন।

এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনা সঠিকভাবে অনুসরণ করতঃ চাহিদাপত্র প্রেরণসহ নিয়ন্ত্রণাধীন দপ্তরসমূহকে নির্দেশনা প্রদানের জন্য বলা হলো।

এতে মহাপরিচালক (গ্রেড-১) এর অনুমোদন রয়েছে।

সংযুক্তঃ ২(দুই) পাতা।



২৩-১১-২০২১

মোঃ মাহমুদ হাসান

পরিচালক

ফোন: +৮৮-০২-৯৫৫৬৩০৬

ফ্যাক্স: +৮৮-০২-৯৫৬৪৪৪৪

ইমেইল: daf@dgfood.gov.bd

জেলা খাদ্য নিয়ন্ত্রক, (সকল)


স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৭২.২০.০০১.০২.১৬৯৭/১(২২)

তারিখ: ৮ অগ্রহাষণ ১৪২৮

২৩ নভেম্বর ২০২১

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে:

- ১) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২) প্রধান মিলার, পোস্তুগোলা সরকারী আধুনিক ময়দা মিল, ঢাকা।
- ৩) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/খুলনা/রংপুর/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী/ময়মনসিংহ।
- ৪) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
- ৫) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো/নারায়ণগঞ্জ সাইলো/আশুগঞ্জ সাইলো, ব্রাহ্মণবাড়িয়া/সান্তাহার হাইলো, বগুড়া/খুলনা স্টীল সাইলো/মোংলা সাইলো, বাগেরহাট।
- ৬) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), খুলনা/চট্টগ্রাম।
- ৭) আহরণ ও ব্যয়ন কর্মকর্তা, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৮) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ জানানো হলো।
- ৯) অফিস কপি।



২৩-১১-২০২১

মোঃ সাহিদার রহমান

উপ-পরিচালক